চুয়েট, কুয়েট ও রুয়েট স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ: ২০২০-২১) এর সমন্বিত ভর্তি প্রক্রিয়া

ঃ বিজ্ঞপ্তি ঃ

চুয়েট, কুয়েট ও রুয়েট এর বিভিন্ন বিভাগে স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ: ২০২০-২১) এ ভর্তির জন্য ১৩ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাতালিকা প্রকাশ করা হল (সংযুক্তি দ্রষ্টব্য)।

বিভাগ ও সংরক্ষিত আসনসমূহ	'ক' গ্রুপ	'খ' গ্রুপ
• ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	মেধাক্রম: ১ - ১৪৯৮৯	-
• স্থাপত্য বিভাগ	-	মেধাক্রম: ১ - ১৬৫৬
• পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠী	মেধাক্রম: ১ - ৩৭	মেধাক্রম: ১ - ৫
• রাখাইন সম্প্রদায় (চুয়েটের জন্য প্রযোজ্য)	মেধাক্রম: ১ - ১২	মেধাক্রম: ১ - ৩
• বান্দরবান জেলার অধিবাসী (কুয়েট ও রুয়েটের জন্য প্রযোজ্য)	মেধাক্রম: ১ - ৬	মেধাক্রম: ১ - ২

প্রার্থীদের করণীয় ঃ

মেধাস্থান প্রাপ্ত সকল প্রার্থীকে https://admissionckruet.ac.bd/ লিংকে প্রবেশ করে "Online Admission Form" এ চাহিত প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে এবং বিশ্ববিদ্যালয় ও বিভাগের পছন্দক্রম প্রদান করতে হবে। "Online Admission Form" এ প্রদানকৃত তথ্য ও পছন্দক্রম ০৪/১২/২০২১ খ্রিঃ (শনিবার) সকাল ৯:০০ ঘটিকার পূর্ব পর্যন্ত প্রার্থী প্রয়োজনে পরিবর্তন করতে পারবে এবং উক্ত সময় পর ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের Online Admission Form লক হয়ে যাবে। এরপর আর কোন তথ্য বা পছন্দক্রম পরিবর্তন করা যাবে না। পূরণকৃত ফরমের (প্রিন্টেড) ০১ কপি ভর্তির সময়ে নিয়ে আসতে হবে। ভর্তি কার্যক্রম চুয়েট, কুয়েট এবং রুয়েট কেন্দ্রসমূহে একযোগে অনুষ্ঠিত হবে। প্রার্থী যে কেন্দ্র থেকে ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে উক্ত কেন্দ্রেই উপস্থিত হয়ে ভর্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবে। ১ম পর্যায়ে নিম্নবর্ণিত মেধাক্রম, তারিখ ও সময়সূচী অনুযায়ী ভর্তিচ্ছু প্রার্থীদের ভর্তির জন্য নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

বিভাগ ও সংরক্ষিত আসনসমূহ	'ক' গ্রুপ	'খ' গ্রুপ	তারিখ ও সময়সূচী
• ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	মেধাক্রম: ১ - ৩০৮০	-	০৫/১২/২০২১খ্রিঃ, রবিবার, সকাল ৯:৩০ টা হতে বিকাল ৩:০০ টা
• স্থাপত্য বিভাগ	-	মেধাক্রম: ১ - ১০০	
• পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠী	মেধাক্রম: ১ - ১৮	মেধাক্রম: ১ - ৫	
• রাখাইন সম্প্রদায় (চুয়েটের জন্য প্রযোজ্য)	মেধাক্রম: ১ - ৬	মেধাক্রম: ১ - ৩	
• বান্দরবান জেলার অধিবাসী (কুয়েট ও রুয়েটের জন্য প্রযোজ্য)	মেধাক্রম: ১ - ৬	মেধাক্রম: ১ - ২	

নিরীক্ষা কমিটি দ্বারা প্রার্থীদের সনদপত্র যাচাইপূর্বক জমাদানের পর স্বাস্থ্য পরীক্ষা করা হবে। পরের দিন সকালে ঘোষনাকৃত প্রার্থীদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ দেখে কেবলমাত্র ভর্তি কমিটির অনুমোদনকৃত স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রার্থীদেরকে ভর্তির জন্য নির্ধারিত **১৮,৫০০ টাকা** ফি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্দেশিত ব্যাংকে অথবা অনলাইনে বিকাল ০৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদি নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে ঃ

১. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এইচ. এস. সি. বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
২. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
৩. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৪. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৫. উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র/সাময়িক সনদপত্রের মূলকপি ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।
৬. সংরক্ষিত আসনে ভর্তির জন্য
(ক) ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর বা উপজাতীয় সনদপত্রের মূল কপি, রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমান স্বরূপ (১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ৩ (তিন) টি মূল সার্টিফিকেট।
(খ) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানের নিকট থেকে বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দার সনদপত্রের মূল কপি। (প্রযোজ্য ক্ষেত্রে)
৭. সদ্য তোলা (অনধিক ৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত ব্যতীত)।

স্বাস্থ্য পরীক্ষা ঃ

প্রার্থী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে প্রার্থীকে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে Blood Group এবং Chest X-ray টেষ্ট রিপোর্ট সহ উক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ডে নির্ধারিত ফি জমা প্রদান সাপেক্ষে স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনোপযুক্ত বলে গণ্য করা হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী আরও প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে। সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissionckruet.ac.bd) থেকে স্বাস্থ্য পরীক্ষার নির্ধারিত ফরম ডাউনলোড করে তা পূরণপূর্বক রিপোর্টসহ ভর্তির সময় জমা দিতে হবে।

ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী ঃ

- প্রার্থীর মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে প্রার্থীদের বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারণ করা হবে। (যা ভর্তির দ্বিতীয় দিন বেলা ১০.০০ টার মধ্যে নোটিশ বোর্ডে দেয়া হবে।)
- ভর্তিকৃত প্রার্থীদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ০৮/১২/২০২১ খ্রিঃ এর মধ্যে জানিয়ে দেয়া হবে।
- আসন খালি থাকা সাপেক্ষে ওরিয়েন্টেশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিল জনিত কারণে কোনো আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে অটোমাইগ্রেশন চলবে।
- কোন প্রার্থী অটোমাইগ্রেশন বন্ধ করতে আগ্রহী হলে ভর্তি ফি জমা প্রদানপূর্বক জমা রশিদের কপি ভর্তি কমিটির নিকট জমা দেয়ার সময় নির্ধারিত ফরমে আবেদনপত্রের মাধ্যমে অটোমাইগ্রেশন বন্ধ করতে হবে।
- প্রার্থী যে বিশ্ববিদ্যালয়েই ভর্তি হোক না কেন প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ অটোমাইগ্রেশন সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোনো প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের আগের দিন পর্যন্ত ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির কাগজপত্রাদি জমা দিয়েছে সেই বিশ্ববিদ্যালয়) হতে ভর্তি বাতিল করতে পারবে। তবে ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে তা স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।
- অনিবার্য কারণবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট https://admissionckruet.ac.bd এর মাধ্যমে প্রচার করা হবে।
- ভর্তি সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩১০৩ (চুয়েট), ০১৭৯৯২৭৩৬৫৫ (কুয়েট) এবং ০১৪০১৮৪৫১২৭ (রুয়েট) নম্বরে যোগাযোগ করা যাবে।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ মইনুল ইসলাম)
সভাপতি
কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা